গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারি
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং-কুসক-২০২২/ ১৭৮ তারিখ: ০৫/০৭/২০২২

## : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এ কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইনে পূরণকৃত রেজিস্ট্রেশন আবেদন ফরম, ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নিম্নলিখিত স্থান এবং সময়সূচী অনুযায়ী জমা নেয়া হবে।

**আবেদন ফরম ও ফি জমার তারিখ এবং সময়: ১৩/০৭/২০২২ থেকে ২১/০৭/২০২২ খ্রি.** পর্যন্ত
(সকাল ১০.০০ টা থেকে ১.০০ টা পর্যন্ত) সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত।

**ফরম জমা দেয়ার স্থান- কলেজ লাইব্রেরি ভবন।**

### ফিসের বিবরণ

| ক্র. নং | ফিসের খাত | হিবিঃ ও ব্যবঃ ব্যতীত | শুধুমাত্র হিবিঃ ও ব্যবঃ এর জন্য |
|---|---|---|---|
| ১। | রেজিস্ট্রেশন ফি | ৮০০.০০ | ৮০০.০০ |
| ২। | আবেদন পত্র ফি | ৩০০.০০ | ৩০০.০০ |
| ৩। | পরিবহন ও যোগাযোগ ফি | ৫০.০০ | ৫০.০০ |
| ৪। | নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচরী ফি | ৭০০.০০ | ৭০০.০০ |
| ৫। | বিবিধ ফি | ১০০.০০ | ১০০.০০ |
| ৬। | ইনকোর্স পরীক্ষার ফি | ২০০.০০ | ২০০.০০ |
| ৭। | টার্ম পেপার ফি | - | ১৫০.০০ |
| ৮। | ব্যবস্থাপনা ফি | ৫০.০০ | ৫০.০০ |
| | **সর্বমোট =** | **২,২০০.০০** | **২,৩৫০.০০** |

** আবেদন ফরম সংগ্রহ ও জমাদানঃ- অনালাইনে রেজিষ্ট্রেশনের আবেদন ফরম পূরণের পর **https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর "National University Fees" মেন্যু থেকে "Admission Fee" অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে।**

### ১। আবেদনের যোগ্যতা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও -ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর গ এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

## ২। অনলাইন আবেদনের নিয়মাবলী

ক) তালিকাভুক্ত প্রতিটি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) প্রার্থী আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab -এ গিয়ে Apply Now (Masters Preli Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

গ) উল্লেখ্য যে, আবেদন ফরমে আবেদনকারী কর্তৃক প্রদত্ত ছবি/কোন তথ্য ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত (যে শিক্ষাবর্ষে হোক না কেন) কোন শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩। **প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের বিষয়সমূহঃ** বাংলা, ইংরেজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা।

## ৪। অনলাইনের আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক) স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষা পাশের নম্বর পত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি-০১ কপি করে।
খ) আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা।
গ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।

০৫/০৯/২২
(প্রফেসর কাজী মনজুর কাদির)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

৫/৯/22

### কপি বিতরণঃ-

১) উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
২) আহবায়ক, প্রিলিমিনারী টু মাষ্টার্স (প্রাইভেট) রেজিঃ কমিটি-২০১৯-২০২০, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৩) ড. মোহাম্মদ আবুল কালাম আযাদ, সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান, তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪) সকল মাস্টার্স বিভাগীয় প্রধান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৫) লাইব্রেরিয়ান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৬) হিসাবরক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৭) ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৮) শাখা সহকারী, মাষ্টার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।